বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ)
বিজিএমইএ কমপ্লেক্স, (৪র্থ তলা), বাড়ী নং ৭/৭এ, ব্লক-এইচ১, সেক্টর-১৭
উত্তরা, ঢাকা-১২৩০

স্মারক নং: বিজিএ/এসএসডি/২০২৬/৩০৫ তারিখ: ১২ নভেম্বর ২০২৬ ইং

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়: 'জনসুরক্ষা অ্যাপ'-এর কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সদস্য কারখানা হতে দুইজন প্রতিনিধি মনোনয়ন ও প্রয়োজনীয় তথ্য প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, দেশের সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ, পর্যালোচনা ও প্রয়োজনীয় তথ্য সমন্বয়ের লক্ষ্যে জাতীয় পর্যায়ে গৃহীত 'জনসুরক্ষা অ্যাপ'-এর কার্যক্রম ইতোমধ্যে চলমান রয়েছে। উক্ত কার্যক্রম সুষ্ঠু ও কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিজিএমইএ-এর প্রতিটি সদস্য কারখানা হতে দুইজন করে প্রতিনিধি মনোনয়ন এবং মনোনীত প্রতিনিধিদের প্রয়োজনীয় তথ্য সংগ্রহের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, বিজিএমইএ-এর সকল সদস্য প্রতিষ্ঠানকে তাঁদের নিজ নিজ কারখানা হতে দুইজন প্রতিনিধি মনোনয়নপূর্বক নিম্নোক্ত লিং-এর মাধ্যমে ১৬ নভেম্বর ২০২৬ ইং তারিখের মধ্যে প্রয়োজনীয় তথ্য প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

তথ্য প্রদানের ফরম লিংক:
https://forms.gle/ykpGXYXDCoZXcHFu8

বিশেষ দ্রষ্টব্য: ফরমে প্রদত্ত সকল তথ্য গোপনীয় ও সংবেদনশীল হিসেবে বিবেচিত হবে এবং শুধুমাত্র নির্ধারিত কার্যক্রমের উদ্দেশ্যে ব্যবহার করা হবে।

বিষয়টির গুরুত্ব বিবেচনায় সকল সদস্য প্রতিষ্ঠানকে যথাশীঘ্র নির্ধারিত ফরম পূরণ ও জমা দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

এ বিষয়ে আপনাদের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে,

মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহা-সচিব, বিজিএমইএ

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org